

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৯, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা
সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ২২ আশ্বিন ১৪২৬/০৭ অক্টোবর ২০১৯

নং ১৭.০০.৪২৪৩.০৩৫.৪৬.২০৬.১৪-১০৮০।—বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত ও নির্বাচনি ট্রাইব্যুনাল, ঝালকাঠী সদর কর্তৃক নির্বাচনি ট্রাইব্যুনালে মামলা নং-০৪/২০১৬ এর বিগত ২৭ জানুয়ারি ২০১৯ তারিখের রায় ও আদেশ অনুযায়ী ঝালকাঠী জেলার কাঠালিয়া উপজেলার আমুয়া ইউনিয়ন পরিষদের ০৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে ২২-০৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত নির্বাচনে ০১নং বিবাদী প্রতিপক্ষের নামিক নির্বাচনি ফলাফল বাতিল ঘোষণা করে প্রার্থী দরখাস্তকারী জনাব মোঃ জিয়াউল হক ফারুক-কে উক্ত ০৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচিত ঘোষণা করায় প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ১১ এপ্রিল ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৪৪৩৬ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলাম এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোঃ মজিবুর রহমান, পিতা-মোঃ ছায়েদ সিকদার, গ্রাম-বিল ছোনাউটা' এর পরিবর্তে 'মোঃ জিয়াউল হক (ফারুক), পিতা: মৃতঃ নাজেম আলী হাওলাদার এবং গ্রাম: বিল ছোনাউটা' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২৩৪৩৫)

মূল্য : টাকা ৪.০০